

## তারের বেড়াজাল

\*\*\*\*\*

শহরের আকাশ যেন মাকড়সার জাল  
মাথার উপরে শুধু তারের জঞ্জাল।  
গাছের বদলে গাছে পাখির বাসা  
ঘরে বাইরে সব একই দশা।  
জীবন যেন আজ শুধু তারেই বাঁধা  
গ্লোবলাইজেশনের একি গোলক ধাঁধা।  
কেবল টিভি,ইন্টারনেট আর ট্রামের তারে  
এগিয়ে চলে জীবন আজ তারের হাত ধরে।  
ল্যাপটপ কাঁধে হাটি ফুটপাত ধরে  
ল্যাম্পপোষ্ট দাঁড়িয়ে আছে তারের বোঝা ধরে।  
ফুটপাতে কাঁদে বসে শিশু হাতে তার  
নুন মাখা একমুঠো ভাত  
কুকুরে চাটে তার পাত।  
খিদের জ্বালায় কাঁদে কোলের শিশু  
বোঝেনা সে আই-টির ভাষা  
কেবলের ছেঁড়া তারে বাঁধা তার বাসা।

মীর গোলাম সাবীর আলী।

আমার কবিতা সংগ্রহ।

৯৮৩৬১০৭৯৫৭